# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী
## কালিগঞ্জ, সাতক্ষীরা
### সেপ্টেম্বর ২০১৯ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
### অধিবেশন নং - ০৬/২০১৯

সভাপতি ঃ সাঈদ মেহেদী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ২৬-০৯-২০১৯
সময় ঃ বেলা ১১-৩০ টা
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,
উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন আপত্তি না থাকায় উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন উপলক্ষ্যে কালিগঞ্জ ফুলতলা মৎস্য সেট সংলগ্ন কাঁচা বাজারে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের অধীনে নির্মান কাজ চলমান। বাজারটিতে ৫টি সেড, ২টি গাববেস সিট, ১টি টিউবওয়েল ও কিছু সিসি রোড এর কাজ চলমান রয়েছে। বাজারের পশ্চিম ও দক্ষিণ পার্শে রাস্তা নির্মাণ করার জন্য কিছু অবৈধ দোকান উচ্ছেদ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। এছাড়া এ উপজেলা স্যালাইন জোন হওয়ায় ইটের মূল্য ডিপ্রিয়েশন বা অপচয় মূল্য বাদ দিয়ে ন্যায্যতার ভিত্তিতে ইটের মূল্য ৫/৬ টাকা নির্ধারণ করার জন্য লবনাক্ততার বিবেচনায় বিশেষ সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত না নিলে সরকারের ভাবমূর্তি উজ্জ্বলকল্পে এলজিইডি-এর দৃশ্যমান কাজ বাধাগ্রস্থ হচ্ছে। ফলে সলভেজের সংখ্যা ঠিক রেখে মূল্য নির্ধারণের জন্য পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও কুশুলিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে উচ্ছেদ কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থাসহ এ উপজেলা স্যালাইন জোন হওয়ায় ইটের মূল্য ডিপ্রিয়েশন বা অপচয় মূল্য বাদ দিয়ে ন্যায্যতার ভিত্তিতে ইটের মূল্য নির্ধারণ করার জন্য পত্র প্রেরণের করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৩) চেয়ারম্যান কুশুলিয়া ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ |
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার সভায় জানান যে, কালিগঞ্জ উপজেলা মৎস্য সম্পদে সমৃদ্ধি একটি উপজেলা। এ উপজেলার অধিকাংশ মৎস্যচাষী চিংড়ী চাষের সাথে জড়িত হলেও অনেক মিষ্টি পানির পুকুরে সারা বছর সাদা মাছের চাষ করা হয়। এছাড়া অধিকাংশ ঘেরে বর্ষার সময় চিংড়ীর সাথে সাদা মাছের চাষ করা হয়। কিন্তু সাদা মাছের ভাল পোনার অভাবে চাষীরা কাংখিত উৎপাদন হ্যাচারীতে পাচ্ছে না। হ্যাচারীতে ভালো পোনা পেতে হলে ভাল ব্রুড আবশ্যক। কিন্তু অধিকাংশ হ্যাচারীতে ভালো ব্রুডের অপ্রতুল্যতা রয়েছে। এ সমস্যা সমাধানের জন্য ব্রুড ব্যাংক তৈরী করা যেতে পারে। আমরা যদি উপজেলা পরিষদের অর্থায়নে হালাদা নদীর পোনা এনে মৌতলায় অবস্থিত নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের মধ্যে আগ্রহী চাষীর ৩-৪টি পুকুর নিয়ে গুনগত মানের ব্রুড তৈরী করতে পারি এবং সে ব্রুড থেকে হ্যাচারীতে রেনু তৈরি করতে পারি তাহলে সাধারণ মৎস্য চাষীরা সুলভ মূল্যে ভালো মানের পোনা পাবে। মাছের উৎপাদন বৃদ্ধি পাবে চাষীরা লাভবান হবে। | মৌতলায় অবস্থিত নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্রের মধ্যে আগ্রহী চাষীর ৩-৪টি পুকুর নিয়ে গুনগত মানের ব্রুড তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৩। **স্বাস্থ্য বিভাগের কার্যক্রম** ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ২.০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | কালিগঞ্জ উপজেলা প্রাণি সম্পদ বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ২.০৭। **উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম** ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৮। **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম** ঃ উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকেতাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.৯। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ , সাতক্ষীরা |
| ২.১১। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৩। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসের বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৪। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম ঃ সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধ সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে । আপাততঃ কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৬। বন বিভাগের কার্যক্রম ঃ<br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সভায় জানান এ উপজেলায় বন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই । | বন বিভাগের কার্যক্রমের ধারা এ উপজেলায় অব্যাহত রাখার জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয় । | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৭। খাদ্য বিভাগের কার্যক্রম ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখা সহ দ্রুত সংগ্রহ কার্যক্রম শেষ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কালিগঞ্জ সাতক্ষীরা |
| ২.১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রমঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জকে আগামী সভায় উপস্থিত হয়ে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ২.১৯ আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সভায় জানানো হয় যে, আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ উপজেলায় ইতোমধ্যে ১৭০ টি সমিতি গঠন করা হয়েছে। সমিতির সদস্য অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে । | আমার বাড়ী আমার খামার প্রকল্পে সমাবেশের মাধমে সমিতিতে সদস্য অন্তর্ভুক্তির ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ |
| ২.২০ পানি উন্নয়ন বোর্ড ঃ উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ সভাকে অবহিত করেন যে, ওয়াপদার ঝুঁকিপূর্ণ ভেড়ীবাঁধ মেরামতের কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। আপাততঃ কোন সমস্যা নেই। | এ উপজেলার ঝুঁকিপূর্ণ ওয়াপদার ভেড়ীবাঁধ দ্রুত মেরামতের ব্যবস্থা নিতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন সংক্রান্ত ঃ<br>১। উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত ঃ সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদে অবস্থিত পুরাতন কোর্ট ভবন অপসারণ এর জটিলতা নিরসন না হওয়ায় নতুনভাবে উপজেলা কমপ্লেক্স ভবনের স্থান নির্বাচনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের উত্তর পার্শ্বে ডরমেটরীর সামনের ফাঁকা জায়গাটি নির্বাচন করা হয়। ফলে উক্ত স্থানের স্কেচ ম্যাপ সহ প্রস্তাবনা প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের উত্তর পার্শ্বে ডরমেটরীর সামনের ফাঁকা জায়গাটি উপজেলা কমপ্লেক্স ভবনের স্থান নির্বাচনের স্কেচ ম্যাপ সহ প্রস্তাবনা প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>(২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ২। সুন্দরবনের ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্বপ্রস্তুতি ইকোপার্ক ঃ সভায় জানানো হয়, যমুনা নদীর উপর প্রস্তাবিত ব্রীজ হতে পিরোজপুর থেকে মৌতলা পর্যন্ত সড়ক ও জনপদ এবং পানি উন্নয়ন বোর্ডের খালি/পরিত্যাক্ত জায়গায় সুন্দররনের ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্বপ্রস্তুতি নিমিত্ত ইকোপার্ক এবং পর্যটকদের আবাসিক ব্যবস্থা যা সুন্দরবন ভ্রমণের পূর্ব প্রস্তুতি বিশ্রামস্থলকে আকৃষ্ট করতে ইতো মধ্যে প্রত্নত বিভাগের পরিদর্শনকৃত প্রবাজপুর শাহ্ মসজিদ, মৌতলা জাহাজ ঘাটা, | সুন্দরবনের ভ্রমণকারী পর্যটকদের ভ্রমণ পূর্বপ্রস্তুতি ইকোপাক, সড়ক ও জনপদ এবং পানি উন্নয়ন বোর্ডের খালি জায়গা অবৈধ দখলদারদের উচ্ছেদ করা ও পিরোজপুর থেকে মৌতলা অসমাপ্ত খাল খননসহ ২ থেকে ১০ শতাংশ জমির মালিকদের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত পূর্নবাসন প্রকল্পের আওতায় | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ<br>২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>৩) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৪) সিনিয়র উপজেলা |

| | | |
|---|---|---|
| নামাজগড় ঈদগাহ খানপুর জাহাজ ঘাটা, বাশঝাড়িয়া ম্যানগেস্খাভবন সুন্দরবনে ভ্রমণের প্রাক পর্যটন দেশী বিদেশী পর্যটকদের আকৃষ্ট করতে বর্ণিত প্রকল্প তৈরি বিষয়ে প্রস্তাব করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সড়ক ও জনপদ এবং পানি উন্নয়ন বোর্ডের খালি জায়গা অবৈধ দখলদারদের উচ্ছেদ করা ও পিরোজপুর থেকে মৌতলা অসমাপ্ত খাল খননসহ ২ থেকে ১০ শতাংশ জমির মালিকদের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত পূর্নবাসন প্রকল্পের আওতায় আনা এবং অবশিষ্ঠ ভূমিহীনদের গৃহায়ন প্রকল্প থেকে পুর্নবাসন করার ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করা হয়। এছাড়া যমুনা নদী সংলগ্ন ইকো পাকের্র দুইধারে সুন্দরবনের অনুকরণে ম্যানগ্রোভ উদ্ভিদ রোপন করে এর সৌন্দর্য বর্ধনের বিষয়ে আলোচনা করা হয়। | আনা এবং অবশিষ্ঠ ভূমিহীনদের গৃহায়ন প্রকল্প থেকে পুর্নবাসন ব্যবস্থা গ্রহণ, ইকো পাকের্র দুইধারে সুন্দরবনের অনুকরণে ম্যানগ্রোভ উদ্ভিদ রোপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মৎস্য অফিসার, কালিগঞ্জ<br>৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ<br>৬) ফরেষ্টার, বন বিভাগ, কালিগঞ্জ |
| ৩। ব্লু ইকোনোমি প্রকল্প/ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস এর প্রকল্প, বিএডিসি ও এলজিইডি, উপজেলা সমবায়, কৃষি মৎস্য অফিস এর সমন্বয় এসডিজি-এর লক্ষ্য মাত্রা অর্জন, জলবদ্ধতা দূরীকরণ, টেশসই উন্নয়ন, লবন পানির মৎস্য ঘেরের ভেড়ীতে উদ্ভাবনীর মাধ্যমে কৃষি কার্যক্রম গ্রহন, খাদ্য নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তা বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। তৎপ্রেক্ষিতে জেলা প্রশাসক সাতক্ষীরা মহোদয়ের *"ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরা"* বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণকে ভূমিকা রাখার জন্য অনুরোধ করা হয়। এছাড়া মৌতলাইউপিরমত ক্লাসটার ভিত্তিক মৎস্য চাষ, নিরাপদ মৎস্য পল্লী বাস্তবায়নের জন্য ইনোভেশন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য মৌতলা ইফপির ন্যায় প্রকল্প বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করা হয়। | জলবদ্ধতা দূরীকরণ, টেশসই উন্নয়ন, লবন পানির মৎস্য ঘেরের ভেড়ীতে উদ্ভাবনীর মাধ্যমে কৃষি কার্যক্রম গ্রহন, খাদ্য নিরাপত্তা, *"ক্লিন সাতক্ষীরা, গ্রিন সাতক্ষীরা"* বাস্তবায়ন, নিরাপদ মৎস্য পল্লী বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ<br>২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>৩) উপজেলা কৃষি,মৎস্য,সমবায় ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ<br>৪) ফরেষ্টার, সামাজিক বন বিভাগ, কালিগঞ্জ |
| ৪। আইসিটি সংক্রান্ত ঃ উপজেলা পর্যায়ে সকল সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সকল দপ্তরের সব ধরনের চিঠিপত্র অনলাইনে আদান-প্রদান করার গুরুত্ব আরোপ করা হয়। উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার জন্য সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ানকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | সরকারি/বে-সরকারি দপ্তর/ সকল শিক্ষা প্রতিষ্ঠান এর ওয়েব পোর্টাল(তথ্য বাতায়ন) অতিদ্রুত হালনাগাদ, সকল দপ্তরের সব ধরনের চিঠিপত্র অনলাইনে আদান-প্রদান এবং উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর সমূহের তথ্য বাতায়ন আপলোড করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সকল সরকারি/বে-সরকারি দপ্তর প্রধান।<br>২) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।<br>৩) সহকারি প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ান। |
| ৫। কালিগঞ্জ বাস টার্মিনাল স্থানান্তর সংক্রান্তঃ সভায় জানানো হয় যে, সাতক্ষীরা-শ্যামনগর মহাসড়কের কালিগঞ্জ ব্রীজের উত্তর পার্শে সামাদ স্মৃতি বলফিল্ড সংলগ্ন মহাসড়কের উপর বাস স্টান্ড থাকায় এবং যত্রতত্র বাস গাড়ী রাখার কারণে রাস্তা সার্বক্ষণিক যানজট থাকে। ফলে ২০০ থেকে ৩০০ মিটার রাস্তা পার হতে দীর্ঘসময় অপেক্ষা করতে হয়, তাছাড়া মুমুষ রোগীর এ্যম্বুলেন্স যানজটের স্বীকার হয় এত মানুষের মৃত্যু ঘটছে এবং যাত্রীসহ সাধারণ জনগণকে বিড়ম্বনায় পড়তে হয়। এ অবস্থা থেকে পরিত্রাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যানজট হতে মুক্তির লক্ষ্যে সামার্দ স্মৃতি বলফিল্ড সংলগ্ন মহাসড়কের উপর হতে বাস স্টান্ড কালিগঞ্জ ব্রীজের দক্ষিণ পার্শে বাজারগ্রামের সড়ক ও জনপথের জায়গায় স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| কর্মকর্তা পদায়ন ও কালিগঞ্জ থানায় গাড়ী সরবরাহ সংক্রান্তঃ এ উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের, মাধ্যমিক শিক্ষা অফিসারের, পরিসংখ্যান অফিসারের পদ শূন্য থাকায় দাপ্তরিক কাজ পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে, জনগণ তাদের সেবা হতে বঞ্চিত হচ্ছে । এছাড়া কালিগঞ্জ থানায় গাড়ী না থাকায় অফিসার ইনচার্জ তার দাপ্তরিক কাজ করতে অসুবিধাভোগ করছেন। ফলে কালিগঞ্জ থানায় গাড়ী সরবরাহের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার এবং পরিসংখ্যান অফিসারের শূন্যপদে কর্মকর্তা পদানের জন্য এবং কালিগঞ্জ থানায় গাড়ী সরবরাহের বিষয় উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষন করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিস ও প্রকল্পবাস্তবায়ন অফিসের পুরাতন গোডাউন অপসারণ সংক্রান্ত ঃ<br>উপজেলা অফির্সাস ক্লাবের সামনে উপজেলা কৃষি অফিস ও প্রকল্পবাস্তবায়ন অফিসের পুরাতন গোডাউন অপসারণ করার বিষয় আলোচেনা করা হয়। উক্ত পরিত্যাক্ত ভবনের মালামাল একটি সুরক্ষিত স্থানে সংরক্ষনের বিষয় আলোচনা করা হয়। | উপজেলা কৃষি অফিস ও প্রকল্পবাস্তবায়ন অফিসের পুরাতন গোডাউন অপসারণ করতঃ একটি সুরক্ষিত স্থানে সংরক্ষনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| উপজেলা পরিষদের মরা শিশুগাছ ও অন্যান্য মরা গাছ অপসারণ/ কর্তন সংক্রান্ত ঃ<br>সভায় উপজেলা সমাজসেবা অফিসের পাশের মরা শিশুফুলগাছসহ পরিষদ সংলগ্ন সকল মরাগাছ অপসারণ/ কর্তন করার বিষয় অলোচনা হয়। আলোচনাঅন্তে উক্ত র্কষন করা হয়। | উপজেলা পরিষদ সংলগ্ন সকল মরা গাছ নিলামের নিমিত্ত বিধিমোতাবে সম্ভাব্য মূল্য নির্ধারণসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেষ্টার, সামাজিক বন বিভাগ কালিগঞ্জ, সাতক্ষীরা। |

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী (মুজিব বর্ষ ২০২০) উদযাপন এবং এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তাবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

26.09.17
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৯ – ১০১৩ তারিখ : ২৬ অক্টোবর,২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা
৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান ---------------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা
৭। জনাব ---------------------------------------------------------- কালিগঞ্জ, সাতক্ষীরা

24.10.19
মোঃ কামরুজজামান
উপজেলা নির্বাহী অফিসার(অতিঃদায়িত্ব)
কালিগঞ্জ, সাতক্ষীরা